

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd

নং ৩২.০০.০০০০.০৫৬.১১(৩).১৮-২০৫৪

তারিখ: ০৮/০৩/২০২১খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নায়ী “তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময় পর্যন্ত নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ


ক্র. নং	পদের নাম	গ্রেড ও সাকুল্য বেতন	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল উপজেলায় শূন্য পদ রয়েছে
০১	তথ্যসেবা সহকারী	গ্রেড-১৬ (বেতন স্কেল: ৯৩০০.০০- ২২৪৯০.০০ সাকুল্য বেতন ১৫,৬৫০.০০ টাকা (উপজেলা পর্যায়)	৫৪ (চুয়ান্ন) টি	অনুর্ধ্ব ৩০ বছর	১) এইচ.এস.সি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; ২) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। ৩) বেসিক আইটিতে ডিপ্লোমা/সার্টিফিকেট থাকতে হবে; ৪) মাইক্রোসফট অফিস, ইন্টারনেট ব্রাউজিং এবং সামাজিক যোগাযোগ ম্যাধ্যম (ফেসবুক, ম্যাসেঞ্জার, স্কাইপি, টুইটার, লিংকড ইন, ভিডিও কনফারেন্সিং) পরিচালনায় দক্ষতা থাকতে হবে; ৫) সংশ্লিষ্ট বিষয়ে Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে; ৬) তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (১ম পর্যায়) এর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে তাদের বয়সসীমা শিথিলযোগ্য; ৭) বাইসাইকেল চালনায় পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	রামগড়, মানিকছড়ি, আলীকদম, থানচি, লামা, রামগতি, জুরাছড়ি, কাউখালী, লংগদু, বরকল, রাজশুলী, রাজশুনিয়া, মানিকছড়ি, বুমা, নানিয়াচর ফটিকছড়ি, সন্দ্বীপ, পেকুয়া, টেকনাফ, মহেশখালী, কুতুবদিয়া, সোনাইমুড়ি, হাতিয়া, মনপুরা, বোরহানউদ্দিন, দৌলতখান, তজুমুদ্দিন, কলাপাড়া, রাঙ্গাবালি, দশমিনা, পাথরঘাটা, তালতলী, আমতলী, বামনা, জুড়ী, বড়লেখা, দিরাই, দক্ষিণ সুনামগঞ্জ, বিশম্ভরপুর, দোয়ারাবাজার, তাহেরপুর, গোলাপগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, কোম্পানীগঞ্জ, দক্ষিণ সুরমা।

শর্তাবলিঃ

- শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন;
- যেসকল উপজেলায় পদ শূন্য রয়েছে সংশ্লিষ্ট উপজেলার উপযুক্ত প্রার্থী দ্বারা পদটি পূরণ করা হবে। তবে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট জেলার অন্তর্গত পার্শ্ববর্তী উপজেলার প্রার্থী দ্বারা পূরণ করা হবে। এলক্ষ্যে সংশ্লিষ্ট জেলার অন্যান্য উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;
- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে ০৯/০৩/২০২১ খ্রি: তারিখ থেকে ০৮/০৪/২০২১ খ্রি: তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। অনলাইন ব্যতিত অন্য কোন মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করা হবে না;
- অনলাইন আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে; নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে e-Recruitment System কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ভেরিফিকেশন লিংকে নিজস্ব ই-মেইল এবং প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রদত্ত নিবন্ধন ম্যানুয়াল, আবেদন ম্যানুয়াল ও ভিডিও টিউটোরিয়াল অনুসরণ করতে হবে);
- নিয়োগ কার্যক্রমে বাংলাদেশ সরকারের বিধি-বিধান অনুসরণ করা হবে;
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, (খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, (গ) ইউনিয়ন পরিষদের অধিভুক্ত এলাকার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং পৌরসভার ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, (ঘ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, (ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (চ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি; (ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ এবং কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণক দাখিল করতে হবে;

চলমান পাতা ০২

- ৫। আগামী ০৮/০৪/২০২১ খ্রি: তারিখে সংশ্লিষ্ট প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
- ৬। নির্ধারিত সময়ের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;
- ৭। বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ৮। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ৯। নিয়োগের ক্ষেত্রে প্রচলিত বিধি অনুযায়ী কোটা পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণ করা হবে;
- ১০। নিয়োগ সংক্রান্ত সকল যোগাযোগ ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে করা হবে;
- ১১। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মীনা পারভীন) ৮/৩/২০২১

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ও

সদস্য সচিব, নিয়োগ কমিটি

ফোন: ০২-৪৮৩১১৫২১